

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.২৬৬—সাবেক মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ আইয়ুবুর রহমান গত ১৫ আগস্ট ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

২। জনাব মোহাম্মদ আইয়ুবুর রহমানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও পরম করুণাময়ের নিকট তাঁর রুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৫ ভাদ্র ১৪২৫/২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১০৭৩৫ )  
মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

০৫ ভাদ্র ১৪২৫  
ঢাকা: ২০ আগস্ট ২০১৮

সাবেক মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ আইয়ুবুর রহমান গত ১৫ আগস্ট ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইমালিগ্নাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

জনাব মোহাম্মদ আইয়ুবুর রহমান ১৯৩৭ সালে কুমিল্লা জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৫৯ সালে তদানীন্তন পাকিস্তান সেন্ট্রাল সুপিরিয়র সার্ভিস-এ যোগদান করেন। সুদীর্ঘ কর্মজীবনের শুরুতে তিনি সহকারী কমিশনার হিসাবে বগুড়া জেলায় যোগদান করেন। অতঃপর তিনি মহকুমা ও জেলা পর্যায়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে কাজ করেন। ১৯৬৮-৬৯ সালে তিনি কুষ্টিয়া জেলার জেলা প্রশাসক হিসাবে কাজ করেন। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ চলাকালে জনাব মোহাম্মদ আইয়ুবুর রহমান বরিশাল জেলার জেলা প্রশাসক হিসাবে দায়িত্বরত ছিলেন। এ সময় পাকিস্তানি সেনাবাহিনী তাঁকে অন্তরীণ করে এবং নির্মমভাবে তাঁর ওপর শারীরিক নির্যাতন চালায়। এর ফলে তিনি পরবর্তীকালে পারকিনসন্স রোগে আক্রান্ত হন। বরিশালের জেলা প্রশাসক হিসাবে দায়িত্ব পালনের শুরুর দিকে উপকূলীয় এলাকায় সংঘটিত প্রলয়ঙ্করী সাইক্লোনের পর ভোলা ও উপকূলীয় এলাকায় উদ্ধার ও ত্রাণ কার্য পরিচালনায় তাঁর তৎপরতা ও সুনিপুণ ব্যবস্থাপনা সে সময় বিপুল প্রশংসা অর্জন করেছিল।

স্বাধীনতা-উত্তর বাংলাদেশে জনাব মোহাম্মদ আইয়ুবুর রহমান বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের চেয়ারম্যান এবং রাষ্ট্রপতির কার্যালয়ের অতিরিক্ত সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। এছাড়া সচিব হিসাবে তিনি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় ও নির্বাচন কমিশনে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন।

জনাব মোহাম্মদ আইয়ুবুর রহমান ১৯৯২-৯৬ সাল পর্যন্ত মন্ত্রিপরিষদ সচিব হিসাবে দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন শেষে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করেন। অতঃপর তিনি জনপ্রশাসন সংস্কার কমিশনের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন।

জনাব মোহাম্মদ আইয়ুবুর রহমানের মৃত্যুতে দেশ একজন দক্ষ, প্রাজ্ঞ, বিচক্ষণ ও নিবেদিতপ্রাণ সুশীল সেবককে হারাল।

মন্ত্রিসভা জনাব মোহাম্মদ আইয়ুবুর রহমানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে পরম করুণাময়ের নিকট তাঁর রুহের মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd